ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

<u>স-৩০৮৫</u>

আগরতলা, ২৭ সেপ্টেম্বর, ২০২৫

# দুর্গাপূজা উপলক্ষে রাজ্যপালের শুভেচ্ছা

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু দুর্গাপূজা উপলক্ষে রাজ্যবাসীকে আন্তরিক শুভেচ্ছা জানিয়েছেন। এক শুভেচ্ছা বার্তায় তিনি বলেন, ‘দুর্গোৎসব সারা দেশ জুড়ে ব্যাপকভাবে উদযাপন করা হয়। মহিষাসুরের বিরুদ্ধে মা দুর্গা দেবীর বিজয় অশুভের বিরুদ্ধে শুভ’র বিজয়ের প্রতীক। এই উৎসব ৫ দিন ধরে পালিত হয় এবং বিজয়া দশমীর মাধ্যমে শেষ হয়। দুর্গোৎসব রাজ্যবাসীর মধ্যে আনন্দ, ভালোবাসা, সুখ-শান্তি, ভ্রাতৃত্ববোধ বয়ে আনুক। মা দুর্গার আশির্বাদে আমাদের জীবন আলোকিত হয়ে উঠুক।’

********